

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ২৬৪ কেজি গাঁজাসহ যুবক গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলায় ২৬৪ কেজি গাঁজাসহ এক তরুণকে গ্রেপ্তার করেছে র‍্যাব-৯। শুক্রবার বিকেলে উপজেলার কায়ামপুর ইউনিয়নের চকবস্তা এলাকায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তির নাম রাসেল মিয়া ওরফে মাহিন (২০)। তাঁর বাড়ি কসবার বিশারা বাড়ি এলাকায়। তাঁর বাবার নাম মো. আব্দুর রউফ মিয়া।

র‍্যাব-৯-এর ভাষ্য, গোপন সংবাদের ভিত্তিতে গতকাল বিকেল সাড়ে চারটার দিকে র‍্যাব-৯, সিপিএস-১, ব্রাহ্মণবাড়িয়ার একটি দল চকবস্তা এলাকায় যায়। র‍্যাবের উপস্থিতি টের পেয়ে দুজন পালানোর চেষ্টা করেন। এ সময় একজনকে আটক করা হয়। অন্যজন কৌশলে পালিয়ে যান।

পরে আটক রাসেল মিয়াকে জিজ্ঞাসাবাদ করা হয়। তিনি তাঁর কাছে গাঁজা থাকার কথা জানান। তাঁর দেখানো জায়গায় মাটির গর্ত থেকে আটটি পাটের বস্তা উদ্ধার করা হয়। এসব বস্তায় মোট ২৬৪ কেজি গাঁজা ছিল।



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদের আত্মীয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyar-ksbay-264-keji-ganjash-jubk-greptar>